দৈনিক ইত্তেফাক

তারিখ 23 AUG 1989
পৃষ্ঠা ৩ কলাম ৭

দিনাজপুরে প্রাথমিক স্তরের পর

# শিক্ষার সুযোগ বঞ্চিত শিশুর সংখ্যা ৯৫ হাজার

।। মোঃ মতিউর রহমান ।।

দিনাজপুর : আর্থিক অস্বচ্ছলতাসহ বিভিন্ন কারণে দিনাজপুর জেলার ৯৫,৩২২টি শিশু প্রাথমিক পর্যায়ের পর শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। সরকারী পরিসংখ্যানে জানা যায়, ১৯৮৮ সালেরহিসাব অনুযায়ী জেলায় ৩,৪৮,২১৪টি শিশু প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়। দ্বিতীয় শ্রেণীতে এই সংখ্যা দাঁড়ায় ৩,৩২,১১৭, তৃতীয় শ্রেণীতে ৩,২৫,৫৬০, চতুর্থ শ্রেণীতে ৩,১২,৭৭২ এবং ৫ম শ্রেণীতে ২,৫২,৮৯২। এই হিসাবে ১৬,০৯৭টি শিশু প্রথম শ্রেণীর পর আর লেখাপড়ার সুযোগ পায় না। দ্বিতীয় শ্রেণী হইতে তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার সময় ৬,৫৫৭ জন, তৃতীয় হইতে ৪র্থ শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার সময় ১২,৭৯৮ জন এবং ৪র্থ শ্রেণী হইতে ৫ম শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার সময় আরো ৫৯,৮৮০ জন শিশুর শিক্ষা জীব-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষার সুযোগ

( ৩য় পৃঃ পর )

নের পরিসমাপ্তি ঘটে।

দিনাজপুরের ১৩টি উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৮৫৪ এবং বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯২।

সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য ৩ হাজার ৩৪৯ জন শিক্ষক শিক্ষিকার বরাদ্দ রহিয়াছে। ইহার মধ্যে কর্মরত আছেন ৩২৬২ জন।